গাজীপুরে শ্রমিকদের অবরোধ, ঢাকা-টাঙ্গাইল মহাসড়কে যান চলাচল বন্ধ



ছবি: সংগৃহীত

গাজীপুরের নাওজোর এলাকায় অবস্থান নিয়ে ঢাকা-টাঙ্গাইল মহাসড়ক অবরোধ করেছেন পোশাকশ্রমিকরা। মঙ্গলবার (৩ নভেম্বর) তাঁদের অবরোধের কারণে মহাসড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়। এতে ভোগান্তিতে পড়েন সাধারণ যাত্রীরা।

এর আগে সকালে পল্লী বিদ্যুৎ এলাকায় মহাসড়ক অবরোধের চেষ্টা করেন শ্রমিকরা। এ সময় সাউন্ড গ্রেনেড ও টিয়ারশেল নিক্ষেপ করে তাঁদের সরিয়ে দেয় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। মজুরি বোর্ড গঠন এবং গার্মেন্টস মালিক ও শ্রমিক নেতাদের সঙ্গে সরকারের আলোচনার পর কিছু কারখানার শ্রমিক কাজে ফিরেছেন।

সহিংসতা এড়াতে গাজীপুর, আশুলিয়া ও রাজধানীর গুরুত্বপূর্ণ বিভিন্ন স্থানে সতর্ক অবস্থানে রয়েছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। গাজীপুরে মোতায়েন রয়েছে বিজিবির ১১ প্লাটুন। শিল্প পুলিশের তথ্য অনুযায়ী, জেলায় দুই শতাধিক কারখানায় সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে।

এদিকে সহিংসতার ঘটনায় গাজীপুরে তিনটি মামলা হয়েছে। এসব মামলায় চার হাজার জনকে আসামি করা হয়েছে। এখন পর্যন্ত গ্রেফতার হয়েছেন ৪৫ জন।

LENS ASIA